ইত্তেফাক

তারিখ ২৭।১২।৮১

পৃষ্ঠা ... কলাম ...

061

## সমস্যা জর্জরিত সাগরদী পি, টি, আই

জেলা সদর বরিশাল শহরের দক্ষিণ প্রান্তে অবস্থিত সাগরদী প্রাইমারী ট্রেনিং ইনস্‌টিটিউটটি বর্তমানে নানা সমস্যায় জর্জরিত। উন্নয়ন স্কীমের আওতাধীন হওয়া সত্ত্বেও একটি প্রাচীন ও ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান হিসাবে আজও ইহার কোন সংস্কার বা উন্নতি হয় নাই। প্রতিবছর এখানে প্রায় দুই শতাধিক প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ নেন। তাঁদের মধ্যে অধিকাংশই মহিলা। এখানে পুরুষ হোস্টেল ছাড়াও একটি মহিলা হোস্টেল আছে। অথচ, মহিলাদের নিরাপত্তার জন্য কোন সন্তোষজনক ব্যবস্থা নাই। প্রতিষ্ঠানের চারদিকে কোন দেয়াল না থাকায় অভ্যন্তরে অহরহ গরু-ছাগল বিচরণ করে। পি,টি,আই-এর অভ্যন্তরে চলাচলের জন্য রাস্তাঘাটের কোন সুষ্ঠু ব্যবস্থা নাই। এখানে পানি ও বিদ্যুৎ সংযোগ থাকিলেও নিয়মিত বিদ্যুৎ ও পানি সরবরাহ করা হয় না। ফলে শিক্ষার্থীদের, বিশেষ করিয়া মহিলা শিক্ষার্থীদের দারুণ অসুবিধার সম্মুখীন হইতে হয়। পুরুষ ও মহিলাদের জন্য দুইটি হোস্টেল থাকা সত্ত্বেও এখানে কোন টিভি সেট নাই। ফলে প্রশিক্ষণার্থীরা চিত্তবিনোদন ও গণমাধ্যমের সুযোগ-সুবিধা হইতে বঞ্চিত হইতেছে। সাগরদী পি,টি, আই-এর ফলাফল বরাবরই সন্তোষজনক। গত ১৯৮০-৮১ শিক্ষাবর্ষে এই প্রতিষ্ঠান হইতে ১৭ জন শিক্ষার্থী প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছে।

সদাশয় সরকারের কাছে আমাদের আবেদন, ঐতিহ্যবাহী সাগরদী পি, টি, আই-এর উন্নতি ও সংস্কার সাধনের জন্য আশু প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক। এখানকার পুরুষ ও মহিলা হোস্টেলের জন্য কমপক্ষে দুইটি টিভি সেট বরাদ্দ করিতে মাননীয় মন্ত্রী ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের শুভদৃষ্টি কামনা করিতেছি।

—মাহমুদা রহমান বিনু, ক্রমিক নং ১২৫, সাগরদী পি, টি, আই, বরিশাল।